গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

সেপ্টেম্বর, ২০১৭ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সন	:	ড. নমিতা হালদার এনডিসি ভারপ্রাপ্ত সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	:	১০.১০.২০১৭ বেলা ১২.০০ ঘটিকা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভা কক্ষ।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

চেয়ারপার্সন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ১২.০৯.২০১৭ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা ও সিদ্ধান্ত:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
১.১ইনোভেশন কমিটির কার্যক্রম	ক) অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা সংক্রান্ত সফটওয়্যারটি ব্যবহার উপযোগী ও চূড়ান্তকরণের লক্ষ্যে দ্রুত সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা আহবান করতে হবে।	ক) অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা সংক্রান্ত সফটওয়্যারটি RAMMRU (Refugee And Migratory Movements Research Unit) এর সহায়তায় পরীক্ষামূলকভাবে ২৮/০৯/২০১৭ তারিখে চালু করা হয়েছে। পরবর্তীতে তা National Data Centre এ স্থানান্তরের প্রয়োজন রয়েছে। বিএমইটির মহাপরিচালক জানান, বিএমইটিতে অনলাইনে দাখিলকৃত সকল অভিযোগ তাৎক্ষণিকভাবে নিষ্পত্তির উদ্যোগ নেয়া হয়। তবে জটিলতা থাকলে নিষ্পত্তি কিছুটা বিলম্ব হয়ে থাকে। অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধির লক্ষ্যে শীঘ্রই দায়িত্বপ্রাপ্ত সকলকে নিয়ে বিএমইটিতে একটি সভা করা হবে। চেয়ারপার্সন বলেন, অভিযোগ নিষ্পত্তির জন্য একটি সময়সীমা বেঁধে দিতে হবে।	ক) অনলাইনে অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে অভিযোগের ধরণ এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা নির্দেশিকার আলোকে সময় নির্ধারণ করে দিতে হবে।	ক) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (প্রকবৈকম) ও সহকারী প্রোগ্রামার, আইটি সেল এবং বিএমইটি।
	খ) বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	খ) মন্ত্রণালয় ইনোভেশন টীমের সদস্য সচিব ও উপসচিব (মিশন-২) সভায় জানান, এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অর্থ বছরভিত্তিক প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। পূর্বের ন্যায় ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার অগ্রগতি ভালো বলে তিনি মতামত ব্যক্ত করেন।	খ) মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রেরণের লক্ষ্যে অর্থবছরভিত্তিক প্রতিবেদন প্রস্তুত করতে হবে।	খ) ইনোভেশন টীম, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল)
	গ) অনলাইনে ভিসা চেকিং সংক্রান্ত এ্যাপসের প্রচার তৃণমূল পর্যায় পর্যন্ত পৌঁছে দিতে হবে এবং প্রচার অব্যাহত রাখতে হবে।	গ) মোবাইল ফোনের মাধ্যমে অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির প্রচার তৃণমূল পর্যায়ে পৌঁছে দেয়ার জন্য অধিনস্থ ডিইএমও সমূহের মাধ্যমে প্রচার করা হচ্ছে ও ব্যবহার বিধি প্রদর্শন করা হচ্ছে। এছাড়া সদর দপ্তর ও অধিনস্থ অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক প্রচারিত লিফলেট ব্রসিয়ার, বুকলেট ইত্যাদিতেও এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।	গ) অনলাইনে ভিসা চেকিং অ্যাপসের বিষয়ে প্রচার বৃদ্ধি করতে হবে।	গ) মহাপরিচালক বিএমইটি

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়
২.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	১। কেন্দ্রীয়ভাবে ইন্টারনেট প্রবাহ/সেবা নিশ্চিতকরণ ও মন্ত্রণালয়ে LAN সংযোগ স্থাপনের লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও মন্ত্রণালয় সমন্বিতভাবে উদ্যোগ গ্রহণ করবে।	১। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড থেকে ইন্টারনেটের সংযোগ প্রদানের জন্য Cable স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। Cable স্থাপনের পর LAN এর মাধ্যমে সকল কক্ষে ইন্টারনেট সেবা নিশ্চিত করা সম্ভব হবে মর্মে সহকারী প্রোগ্রামার জানান। চেয়ারপার্সন বলেন, যেসকল শাখা/দপ্তরে ইন্টারনেট সংযোগে এখনও সমস্যা আছে সেসব শাখা/দপ্তর চিহ্নিত করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। যেসকল শাখায় ইন্টারনেট সংযোগ সমস্যা আছে সেগুলো চিহ্নিত করে কল্যাণবোর্ড ও মন্ত্রণালয়ের আইসিটি শাখা যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মহাপরিচাল ওয়েজ আর্না কল্যাণ বো ও সহকারী প্রোগ্রামার, মন্ত্রণালয়
	২। প্রতিদিন ই-ফাইলিং কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মন্ত্রণালয়ের অবস্থান সম্পর্কিত প্রতিবেদন এটুআই হতে সংগ্রহপূর্বক প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	২। চেয়ারপার্সন বলেন, ই-ফাইলিং কার্যক্রম আরও গতিশীল করতে হবে এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ই-ফাইলে নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। এ কার্যক্রম বাস্তবায়নের জন্য ই-ফাইলে নোট উপস্থাপনপূর্বক নিষ্পত্তি ও পত্র জারির সংখ্যা বৃদ্ধি করা গেলে মন্ত্রণালয়ের অবস্থান ভাল হবে।	২। ই-নথির মাধ্যমে নোট উপস্থাপনপূর্বক দ্রুত নিষ্পন্ন ও পত্র জারির সংখ্যা বৃদ্ধি করতে হবে।	২। সকল কর্মকর্তা ও সহকারী প্রোগ্রামার (অফিস এডমিন, ই ফাইলিং)
	৩।মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিটপূর্বক হালনাগাদ রাখতে হবে।	৩। মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার পাশাপাশি ওয়েবসাইটটি আরও আকর্ষণীয় করার বিষয়ে চেয়ারপার্সন অভিমত ব্যক্ত করেন। তিনি সকল কর্মকর্তাকে এ বিষয়ে মতামত দেয়ার জন্য আহবান জানান। তাছাড়া বিভিন্ন দেশের সাথে এ মন্ত্রণালয়ে সম্পাদিত MoU পররাষ্ট্র মন্ত্রণালয়ের ন্যায় এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়েও সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। এছাড়াও মন্ত্রণালয়ের ডিসপ্লে বোর্ড আধুনিক করার প্রসঙ্গে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান, একটি ডিজিটাল ফটো ডিসপ্লে বোর্ড এবং সম্মেলন কক্ষের প্রবেশমুখে ডিজিটাল নোটিশ বোর্ড স্থাপনের সম্ভাব্যতা যাচাই করা হচ্ছে এবং তা স্থাপন করা হলে যুগোপযোগী ও সাশ্রয়ী হবে।	৩। বিভিন্ন দেশের সাথে এমন্ত্রণালয়ের সম্পাদিত MOU এর চূড়ান্ত কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে।	যুগ্মসচিব (কর্মসংস্থান প্রশিক্ষণ) ও সহকারী প্রোগ্রামার
	৪। বিএমইটির বহির্গমন শাখায় সেবাগ্রহীতাদের কাছ থেকে প্রাপ্ত মতামত সম্পর্কে সমন্বয় সভায় ফিডব্যাক দিতে হবে।	৪। বিএমইটির বহির্গমন শাখায় প্রাথমিকভাবে সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের জন্য ফরম প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই উক্ত শাখায় সেবা গ্রহীতাদের মতামত প্রদানের জন্য বক্স স্থাপন করা হবে। এছাড়া উল্লেখ্য যে, বিএমইটির মূল ভবনের প্রবেশ মুখে সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের জন্য অনুরূপ বক্স ইতোমধ্যেই স্থাপন করা হয়েছে।	৪। বিএমইটির বহির্গমন শাখায় সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের উদ্যোগটি দ্রুত কার্যকর করতে হবে।	মহাপরিচালক বিএমইটি
	৫। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশলে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনের সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	৫। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর কিছু বিষয় ও লক্ষ্যমাত্রাকে আরও বাস্তবসম্মত ও অর্জনযোগ্য করার লক্ষ্যে সম্প্রতি এ মন্ত্রণালয়ে একটি সভার মাধ্যমে সংশোধন করা হয়েছে। সংশোধিত APA মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	৫।বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।	সকল কর্মকর্ত মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা
২.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	১। প্রবাসী কর্মীদের বীমা সংক্রান্ত খসড়া নীতিমালা চূড়ান্তকরণের সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন	১। এ মন্ত্রণালয়ের নেতৃত্বে ২টি আন্তঃমন্ত্রণালয় টীম ইতোমধ্যে শ্রীলংকা ও ফিলিপাইন সফর করেছে। উক্ত দেশগুলোর বীমা ব্যবস্থা সম্পর্কে অর্জিত অভিজ্ঞতার আলোকে নীতিমালাটির খসড়া অক্টোবরের মধ্যে প্রস্তুত করার জন্য চেয়ারপার্সন সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান।	১। অক্টোবর, ২০১৭ এর মধ্যে বীমা সংক্রান্ত নীতিমালার খসড়া প্রস্তুত করতে হবে।	অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ) ও মহাপরিচালক ওয়েজ আর্না

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	করতে হবে। ২। অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোর জনগণকে অভিবাসনে উৎসাহিত করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক বাস্তবসম্মত প্রকল্প গ্রহণ ও প্রকল্প স্থানে সরেজমিনে তদারকি নিশ্চিত করতে হবে।	২। অভিবাসনে পিছিয়ে থাকা ২৪টি জেলায় অভিবাসন বৃদ্ধির লক্ষ্যে ডিইএমও ও টিটিসিগুলোর মাধ্যমে ব্যাপক প্রচার অব্যাহত রয়েছে। এছাড়া নিয়মিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি বৃত্তিমূলক পেশায় দক্ষতা অর্জন ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রচার চালানো হচ্ছে। পিছিয়ে পড়া জেলার জনগণকে অভিবাসনে উৎসাহিত করার লক্ষ্যে জেলা পর্যায়ে রেজিস্ট্রেশন, ফিঙ্গারপ্রিন্ট গ্রহণ, কর্মী নির্বাচন, জব ফেয়ারের আয়োজন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, প্রাক ওরিয়েনটেশন প্রশিক্ষণ কার্যক্রমসমূহ বিকেন্দ্রিকরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় পর্যায়ে স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম চলমান রয়েছে। অধিকন্তু অভিবাসনে পিছিয়ে থাকা জেলাসমূহের জন্য জেলা পর্যায়ে এতিম ও দুঃস্থ তরুণ/তরুণীদেরকে বিএমইটি'র আওতাধীন টিটিসি'র মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে তাদেরকে বৈদেশিক কর্মসংস্থানের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ৩। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাটি প্রকল্প প্রণয়নের সময় যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। বিএমইটি হতে জানানো হয়েছে যে, অঞ্চলভেদে চাহিদাভিত্তিক বাস্তবসম্মত প্রকল্প গ্রহণের লক্ষ্যে অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোকে বিবেচনা করা হচ্ছে। উপকূলীয় শহর বিবেচনায় বন্দর নগরী চট্টগ্রামে একটি আইএমটি স্থাপন শীর্ষক প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে।	২। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে অভিবাসনে পিছিয়ে থাকা জেলাগুলো হতে প্রশিক্ষণার্থী গ্রহণের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। ৩। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।	কল্যাণ বোর্ড মহাপরিচালক বিএমইটি যুগ্মসচিব (উন্নয়ন) এবং মহাপরিচালক (বিএমইটি)
২.৩. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন এর হালনাগাদ প্রতিবেদন যথাসময়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ ও ড্যাশবোর্ডে আপলোড নিশ্চিত করতে হবে।	সর্বশেষ ২০/০৯/২০১৭ তারিখে এ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। কার্যবিবরণী ও হালনাগাদ তথ্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং সর্বশেষ সেপ্টেম্বর, ২০১৭ অগ্রগতি ড্যাসবোর্ডে আপলোড করা হয়েছে। চেয়ারপার্সন বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ৮ নং নির্দেশনা মোতাবেক সৌদিআরবে স্কুল স্থাপনের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক সৌদি আরবে স্কুল স্থাপনের বিষয়ে কার্যক্রম জোরদার করতে হবে।	যুগ্মসচিব (উন্নয়ন) এবং কল্যাণ বোর্ড
২.৪ অডিট আপত্তি সংক্রান্ত	১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। ২। অডিট আপত্তি নিষ্পত্তির তথ্য সংসদ ও সমন্বয় শাখায় নিয়মিত প্রেরণ করতে হবে।	১) ১৭-২০ সেপ্টেম্বর, ২০১৭ তারিখ লিবিয়া ফেরত কর্মীদেরকে বিশ্ব ব্যাংকের অনুদান আইওএম এর সহয়াতায় বিতরণ চেক অনুদানের অর্থ সংক্রান্ত অডিট আপত্তিটি নিষ্পত্তির লক্ষ্যে দূতাবাস অধিদপ্তর থেকে একটি টীম এ মন্ত্রণালয়ে এসেছে। বোয়েসেল থেকে জানানো হয়, বোয়েসেলে সম্প্রতি একটি ত্রিপক্ষীয় সভা হয়েছে। আরো একটি ত্রিপক্ষীয় সভার প্রস্তুতি নেয়া হচ্ছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির গতি ত্বরান্বিত করার নিমিত্ত ইতোমধ্যে বিএমইটি'তে ১১ জুলাই/২০১৭ তারিখে একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। এতে ৯টি আপত্তি নিষ্পত্তি ও ২টি আপত্তি নিষ্পত্তির সুপারিশসহ সভার কার্যবিবরণী অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।	১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	উপসচিব (বাজেট) ও দপ্তর/সংস্থা (সকল)
২.৫ অনিষ্পন্ন বিষয়	১) মন্ত্রণালয় হতে দপ্তর/সংস্থায় চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।	চেয়ারপার্সন বলেন, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মধ্যে পারস্পারিক সমন্বয়ের কোনও বিকল্প নেই। যেকোনো তথ্যের প্রয়োজনে মন্ত্রণালয়ের সকল শাখা ও দপ্তর/ সংস্থাগুলোর মধ্যে যোগাযোগ আরও নিবিড় করার জন্য তিনি সকলকে অনুরোধ জানান।	মন্ত্রণালয় হতে চাহিত প্রতিবেদন দপ্তর/সংস্থা হতে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান

দপ্তর/সংস্থা :

৩.০. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৩.১ মামলা সংক্রান্ত	মামলা নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত ব্যবস্থার সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন) জানান, সম্প্রতি এ মন্ত্রণালয়ের আইন শাখার কার্যক্রম পরিচালনার জন্য একজন সিনিয়র সহকারী সচিবকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। বিএমইটিকে অধিদপ্তরে উন্নীতকরণ সংক্রান্ত প্রস্তাবনায় পৃথক আইন শাখা সৃজন ও জনবলের পদ সৃজনের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। পৃথক আইন শাখা সৃজন না হওয়া পর্যন্ত বিএমইটির পরিচালক (প্রশাসন ও অর্থ) এর অধীনে ১ জন উপপরিচালক, ১ জন সহকারী পরিচালক ও কর্মচারীগণের সমন্বয়ে অস্থায়ী আইন সেল গঠন করা হয়েছে এবং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। চেয়ারপার্সন আলোচনাকালে গামকার প্রসঙ্গ উল্লেখ করে বলেন, বিদেশগামী কর্মীদের মেডিকেল চেকআপের জন্য নির্ধারিত অর্থ ব্যতীত অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ পাওয়া যায়। সুতরাং গামকার মেডিকেল সেন্টারগুলোর কর্তৃপক্ষের সাথে সভা করার জন্য চেয়ারপার্সন বিএমইটির মহাপরিচালককে অনুরোধ জানান।	বিদেশগামী কর্মীদের মেডিকেল চেকআপের বিষয়ে গামকার সাথে বিএমইটি সভা করবে।	মহাপরিচালক বিএমইটি

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৪.১ বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ ইত্যাদি সম্পর্কে আপডেট তথ্য প্রদান	প্রবাসবন্ধু কলসেন্টারে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত তদারকি করতে হবে।	মহাপরিচালক, কল্যাণ বোর্ড জানান, প্রবাসবন্ধু কলসেন্টার প্রকল্পের মেয়াদ শেষ হয়েছে। এ প্রকল্পের অভিজ্ঞতার আলোকে তিনি আরও বলেন, প্রবাসী কল্যাণ ভবনে নিজস্ব লোকবল দিয়ে এধরণের কলসেন্টার চালানো গেলে অনেক সাশ্রয়ী হবে।	প্রবাসবন্ধু কলসেন্টারের মত কল্যাণ বোর্ডের আওতায় কলসেন্টার স্থাপনের লক্ষ্যে করণীয় সম্পর্কে পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

বোয়েসেল :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৫.১ বোয়েসেলের কার্যক্রম	নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানের কার্যক্রম আরও জোরদার করতে হবে।	বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক জানান, সম্প্রতি জাপান, সৌদি আরব ও ওমানে বোয়েসেল থেকে কর্মী প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যক্রম আরও জোরদার করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক,বোয়েসেল

প্রবাসী কল্যাণ ব্যাংক:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১. প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম	প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	গত ০৭/০৮/২০১৭ তারিখ ব্যাংকটিকে সীমিত আকারে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তর করার লক্ষ্যে ব্যাংকের মূলধনে কল্যাণ বোর্ডের হিস্যা বাড়ানো যায় কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য এ মন্ত্রণালয়কে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে পত্র দেয়া হয়েছে। অর্থ বিভাগের সভাপতিত্বে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে নিয়ে এ বিষয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা করা হবে। গত ১৬/০৮/২০১৭ তারিখ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে প্রেরিত অপর পত্রে প্রবাসী কল্যাণ ব্যাংকে সীমিত আকারে বাণিজ্যিক কার্যক্রম শুরু করার প্রাক কার্যাদি সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।	প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে সর্বশেষ গৃহীত কার্যক্রম পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

৭. বিবিধ :

সভায় চেয়ারপার্সন এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কাজের সংশ্লিষ্টতা বিবেচনায় কতিপয় বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন যা প্রতিটি সভায় আলোচনার দাবি রাখে। যথা:

৭.১। ই-ফাইলিং, APA,শুদ্ধাচার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ CAP এর সকল কার্যক্রম সমন্বয় সভার এজেন্ডাভুক্ত করতে হবে ।

বাস্তবায়ন অগ্রগতি: একটি ছক আকারে বর্ণিত বিষয়াদি উপস্থাপন করা হলো:

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ , এর কর্মপরিকল্পনা প্রণয়ন ও কমিটি গঠনের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এ নীতির আলোকে প্রণীত কর্মপরিকল্পনার বিষয়ে এখনও মাঠ পর্যায় থেকে কোনও মতামত বা ফিডব্যাক না পাওয়ার ফলে কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ সম্ভব হচ্ছে না।	সংশ্লিষ্ট সকলের পক্ষ থেকে দ্রুত ফিডব্যাক প্রদান এবং নীতির আলোকে দ্রুত স্টিয়ারিং কমিটি গঠন করতে হবে।	ক) যুগ্মসচিব (শ্রমবাজার গবেষণা সেল) ও সকল সংস্থা খ) প্রশাসন অনুবিভাগ
২	IPoA/SDG	IPoA হল উন্নয়নশীল দেশগুলোকে উন্নত দেশে Upgrade করার লক্ষ্যে গঠিত একটি ফোরাম। প্রতি ২ মাস পর পর ERD তে টিটিসি সম্প্রসারণ, দক্ষতা উন্নয়ন, অভিবাসন ব্যয় হ্রাস, রেমিট্যান্স ব্যয় হ্রাস ইত্যাদি বিষয়ে ফিডব্যাক পাঠাতে হয়। সম্প্রতি ERD তে এ বিষয়ে সভা হয়েছে। এ মন্ত্রণালয়ের অবস্থান সন্তোষজনক মর্মে ফোকালপয়েন্ট কর্মকর্তা হিসেবে যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে জানান। নিরাপদ অভিবাসন ও অভিবাসন ব্যয় হ্রাস করা এসডিজি সংশ্লিষ্ট এবং মন্ত্রণালয়ের বাস্তবায়নযোগ্য অন্যতম একটি কাজ। এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। চেয়ারপার্সন SDG এর বিষয়ে বলেন, আমাদের অভিবাসন সংক্রান্ত সকল কাজে SDG কে গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে।	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	যুগ্মসচিব (উন্নয়ন) ও উপপ্রধান (পরিকল্পনা)
৩	আরটিআই সংক্রান্ত তথ্য প্রদান	এ বছর শুধু একটি আবেদন পাওয়া গিয়েছে। যথাসময়ে আবেদনকারীকে তথ্য প্রদান করা হয়েছে।	তথ্য কমিশনের অনলাইন প্রশিক্ষণ ব্যবস্থা সম্পর্কে সভাকে অবহিত করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) এবং তথ্য প্রদানকারী